# ALL INDIA RADIO, SILCHAR

******************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 09-03-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আজ অরুণাচল প্রদেশের ইটানগরে মণিপুর, মেঘালয়, নাগাল্যান্ড, সিকিম, ত্রিপুরা ও অরুণাচল প্রদেশের জন্য প্রায় ৫৫ হাজার ৬০০ কোটি টাকার বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস।

২) দুদিনের সফরসূচিতে আসামে আসা প্রধানমন্ত্রীর রাজ্যে মোট ১৭ হাজার ৫০০ কোটি টাকার বারোটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন।

৩) কেন্দ্রীয় মহিলা ও শিশু বিকাশ মন্ত্রণালয়ের আজ থেকে ২৩ মার্চ পর্যন্ত পোষণ পক্ষ ২০২৪ এর আয়োজন।

এবং

৪) আসন্ন লোকসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজ নিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল আজ হাইলাকান্দি জেলায়।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অরুণাচল প্রদেশের ইটানগরে মণিপুর , মেঘালয় , নাগাল্যান্ড , সিকিম , ত্রিপুরা ও অরুণাচল প্রদেশের জন্য ৫৫ হাজার ৬০০ কোটি টাকার বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস

করেন । বিকশিত ভারত , বিকশিত উত্তরপূর্ব শীর্ষক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে তিনি ছেলা সুরুংগ রাষ্ট্রের নামে উৎসর্গ করেন ।এছাড়া প্রায় ১০ হাজার কোটি টাকা ব্যয় সাপেক্ষে উন্নতি প্রকল্পের সূচনা করেন ।অনুষ্ঠানে ভাষন প্রসংগে প্রধানমন্ত্রী বলেন যে এই প্রকল্প উত্তর-পূর্বাঞ্চলের  অর্থনৈতিক বিকাশ ও উন্নয়নে সহায়তা করবে । প্রধানমন্ত্রী বলেন যে দক্ষিণ এশিয়া ও পূর্ব এশিয়াতে ভারতের অংশীদার দেশগুলির সংগে বানিজ্য ও পর্যটনের সম্পর্ককে সুদৃঢ় করার ক্ষেত্রে উত্তরপূর্ব একটি শক্তিশালী করিডর হিসেবে আত্মপ্রকাশ করেছে ।শ্রী মোদী বলেন সরকার অষ্টলক্ষ্মীর দৃষ্টিভংগীর সংগে সংগতি রেখে উত্তর-পূর্বের উন্নয়ন ও প্রগতির জন্য কাজ করে চলেছে ।

এদিকে প্রধানমন্ত্রী শ্রী মোদী আজ রাজ্যের তেল শোধনাগারগুলির উৎপাদন ক্ষমতা শীঘ্র দ্বিগুন করা হবে বলে জানিয়েছেন ।  দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসা প্রধানমন্ত্রী আজ রাজ্যের মোট ১৭ হাজার ৫০০ কোটি টাকার ১২ টি বৃহৎ প্রকল্পের উদ্বোধন , ভিত্তিপ্রস্তর স্থাপন করে একথা বলেন । যোরহাটের মেলেং মেটেলীতে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ১৫ হাজার ১০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে ৭ টি প্রকল্পের উদ্বোধন ও দুহাজার ৪০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে ৫ টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ।প্রধানমন্ত্রী মোট ৮ হাজার ৫০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণের অধীনে নির্মাণ করা ৫ লক্ষ ৫৫ হাজার ৫৫৫ টি আবাসগৃহ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন ।এর মধ্যে করিমগঞ্জ জেলার ৯৫ টি গাও পঞ্চায়েতে সম্পূর্ন হোয়া ২০ হাজার ১৮৪ টি প্রধানমন্ত্রী আবাস যোজনার গৃহের গৃহ প্রবেশ করা হয়েছে ।অনুষ্ঠানে ভাষন দেবার সময় শ্রী মোদী বলেন যে বিজেপি সরকার দিনে ৫ লক্ষের ও বেশী লোককে সরকারী গৃহ প্রদান করা সহ ভূমিপুত্রদের জমির পাট্টা প্রদান করেছে । উত্তরপূর্বে ১৮ টি জলপথ নির্মাণ করা হয়েছে বলে শ্রী মোদী জানান ।অনুষ্ঠানে স্বাস্থ্য প্রকল্পের অধীনে তিনসুকিয়া চিকিৎসা মহাবিদ্যালয় ও চিকিৎসালয়ের উদ্ভোধন করা সহ ডিমৌতে ১০০ টি আসনযুক্ত চিকিৎসা মহাবিদ্যালয় ও চিকিৎসালয় , গৌহাটীর বি বরুয়া কর্কট প্রতিষ্ঠানে রক্তজনিত কর্কট রোগ ও শিশুর কর্কট রোগের চিকিৎসাকেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ।প্রধানমন্ত্রী ডিগবয় শোধনাগারের

বার্ষিক ক্ষমতা বৃদ্ধিকরণ , গৌহাটি শোধনাগারের বার্ষিক ক্ষমতা বৃদ্ধিকরণ ও ভারতীয় তেল নিগমের গৌহাটীর বেতকুছিতে টার্মিনেলের সুবিধাগুলির সম্প্রসারণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । প্রধানমন্ত্রী ৮১০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে নিউ বঙাইগাও - গোয়ালপারা - কামাখ্যা রেললাইনের দ্বৈতকরণ সহ আরো কয়েকটি রেলপথ দ্বৈতকরণ প্রকল্পের উদ্বোধন করেন ।

এদিকে প্রধানমন্ত্রী আজ সকালে কাজিরাঙা জাতীয় উদ্যানে জীপ ও হাতী সাফারী করে উদ্যানটির নৈসর্গিক শোভা উপভোগ করেন । জাতীয় উদ্যানটি পরিদর্শন করে প্রধানমন্ত্রী বন বিভাগের ৩৬ জন মহিলা বন কর্মীর সংগে মত বিনিময় করেন ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় জল শক্তি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত আজ নতুনদিল্লীতে আয়োজিত অনুষ্ঠানে জল শক্তি অভিযান , বৃষ্টির জল সংরক্ষণ ২০২৪ এর সূচণা করেন । এবারের অভিযানের বিষয়  নারী শক্তি ই জল শক্তি । জল সংরক্ষণ ব্যবস্থাপনা ও একে বহনক্ষম করে তোলার ক্ষেত্রে মহিলাদের ভূমিকাকে উৎসাহিত করতে এই অভিযান আরম্ভ করা হয়েছে । অনুষ্ঠানে ভাষন প্রসংগে শ্রী শেখাওয়াত দেশে  জল সংরক্ষণের ব্যবস্থাপনার ক্ষেত্রে মহিলাদের গ্রহণ করে আসা ভূমিকার প্রশংসা করেন । তিনি বলেন যে দেশের প্রায় এক কোটি মহিলা সমাজে ইতিবাচক পরিবর্তন আনার জন্য গুরুত্বপূর্ন ভূমিকা গ্রহণ করে আসছেন ।তিনি বলেন যে দেশের প্রায় এক দশক আগের ভারতের অর্থনৈতিক পরিস্থিতির উন্নয়ন হয়েছে ও সম্প্রতি ভারত বিশ্বের পঞ্চম বৃহৎ অর্থনীতি হিসেবে পরিগণিত হোয়া সহ তৃতীয় অর্থনীতির দিকে অগ্রসর হচ্ছে । অনুষ্ঠানে মন্ত্রী জলশক্তি অভিযান ২০১৯ টু ২০২৩ ও ১০১ ওয়াটার চেম্পিয়ানশিপ জল জীবন মিশন শীর্ষক দুটি গ্রন্থ উন্মোচন করেন ।উল্লেখ্য আজ সূচণা করা এই অভিযান আগামী ৩০ শে নভেম্বর পর্যন্ত দেশের গ্রামীন ও শহরাঞ্চলের জেলাগুলিতে রুপায়ন করা হবে। এই অভিযানের সময়কালে বৃষ্টির জল সংরক্ষণ ও পুর্নব্যবহার , সব জেলায় জলশক্তি কেন্দ্র প্রতিষ্ঠা  , বনানীকরণ ও জনসচেতনতা  বৃদ্ধির বিষয়ে ও প্রসার করা হবে ।

---------------------------------------------------------------------------

মহিলা ও শিশুবিকাশ মন্ত্রনালয় আজ থেকে ২৩ মার্চ পর্যন্ত পোষণ পক্ষ ২০২৪ এর আয়োজন করেছে ।এই সময়ে পুষ্টি ও শিক্ষা এবং গর্ভবতী মহিলার পুষ্টি ও স্বাস্থ্য সম্পর্কীত খাদ্যাভ্যাস সম্পর্কে ব্যাপক সচেতনতা সৃষ্টি করা হবে এবং  সামগ্রিক অনুষ্ঠানের আয়োজন করা হবে ।মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে যে এই বিষয়ের সঙ্গে জড়িত অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে রাজ্য ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় তথা বিভাগ সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করবে ।

---------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজ নিতে রাজ্যের মূখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল আজ হাইলাকান্দিতে উপস্থিত হয়েছেন । জেলায় বেশকয়েকটি  ভোটকেন্দ্র সরেজমিনে পর্যবেক্ষণ করার পর মূখ্য নির্বাচনী আধিকারিক জেলা আয়ুক্তের কার্যালয়ে অনুষ্ঠিত এক পর্যালোচনা সভায় অংশগ্রহণ করে জেলার আধিকারিকদের সঙ্গে নির্বাচনের বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করেন । জেলায় ভোটদানের হার বৃদ্ধি সম্পর্কেও সভায় আলোচনা করা হয় । সভায় জেলার আয়ুক্ত এন এইচ গৌতম ,পুলিশ সুপার লীনা দোলে সহ বেশ কয়েকজন আধিকারিক কর্মচারী উপস্থিত ছিলেন । উল্লেখ্য করিমগঞ্জ লোকসভা কেন্দ্রের অধীন হাইলাকান্দি জেলার ৬০২ টি ভোটকেন্দ্রে প্রায় সাড়ে চার লক্ষ ভোটদাতা ভোটাধিকার সাব্যস্ত করবেন ।

---------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে জেলা আদালত প্রাঙ্গণে আজ লোক আদালত অনুষ্ঠিত হয়েছে । এতে বিদ্যুত বিল এবং ব্যাঙ্কের ঋণ প্রদান না করা গ্রাহকদের ঋণমুক্ত করতে বিশেষ শিবিরের আয়োজন করা হয় । এছাড়া মোটর এক্সিডেন্ট ক্লেইম ট্রাইবুন্যাল (এম এ সি টি ) ,ক্রিমিন্যাল কম্পাউন্ডেবল মামলা ,এন আই এ মামমা ইত্যাদি আদালতে আলোচনা ও জরিমানার মাধ্যমে নিষ্পত্তি করার প্রয়াস চালানো হয় । মোট পাঁচটি বেঞ্চে চলা এই বিচার প্রক্রিয়ায় মোট ৫ হাজার ৬৭০ টি নথিভুক্ত করা মামলার মধ্যে ৪৩৭ টি মামলা নিষ্পত্তি  করা হয় । অন্যদিকে আদালতে বিচারাধীন ৮৩২ টি মামলার মধ্যে ২০৪ টি মামলার নিষ্পত্তি করা হয়েছে । আজকের লোক

আদালতে সবধরণের মামলার নিষ্পত্তি থেকে প্রায় ২ কোটি টাকা জরিমানা বা সেটেলমেন্ট এমাউন্ট আদায় করা হয়েছে ।

------------------------------------------------------------------------

সারা ভারত গণতান্ত্রিক যুব সংস্থার কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে বিভিন্ন দাবী সম্বলিত একটি স্মারকপত্র শিলচর রেলস্টেশনের ম্যানেজারের মাধ্যমে প্রেরণ করা হয় । দাবীগুলির মধ্যে রয়েছে প্রতিটি এক্সপ্রেস ট্রেনে অসংরক্ষিত কোচের সংখ্যা বৃদ্ধি করা ,পরিযায়ী শ্রমিকদের জন্য বিশেষ ট্রেনের ব্যাবস্থা করা ,প্রতি শনিবার রাতে শিলচর - গৌহাটী একটি যাত্রী রেল চালু করা , রেল বিভাগের সব শূণ্যপদে নিয়োগ করা ইত্যাদি ।

------------------------------------------------------------------------

বরাকভ্যালী  কিরাণ শেখ এসোসিয়েশনের উদ্যোগে এবং বদরপুর বিধানসভা কেন্দ্র কমিটির ব্যাবস্থাপনায় আজ জেলার শ্রীমন্ত কানিশাইলে আসন্ন লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে এক জোন ভিত্তিক আলোচনা সভার আয়োজন করা হয় । করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়া করিমগঞ্জ জেলা মাইনোরিটি ডেভেলাপমেন্ট বোর্ডের চেয়ারম্যান  একবাল হুসেন সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা আলোচনা সভায় উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------

করিমগঞ্জ এ এস টি সির স্টেশন ইয়ার্ড সহ অন্যান্য মেরামতির কাজের জন্য রাজ্য সরকার কর্তৃক মঞ্জুরীকৃত ৪৬ লক্ষ ৯২ হাজার ১০০ টাকার কাজের শিলান্যাস করা হয়েছে ।  আসাম রাজ্য পরিবহন নিগমের অধ্যক্ষ মিশন রঞ্জন দাস আজ বেলা ১১ টায় এই কাজের শিলান্যাস করেন ।

------------------------------------------------------------------------

করিমগঞ্জ বন বিভাগের রেঞ্জ ফরেস্ট অফিসার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শহরের তিলকচান্দ মধ্য বঙ্গ বিদ্যালয় প্রাঙ্গণে বিপদজনক অবস্থায় থাকা একটি গাছ আগামীকাল সকাল ৭ টা থেকে তিন ঘন্টার মধ্যে কাটা হবে । গাছ কাটার প্রক্রিয়া চলাকালীন সংলগ্ন এলাকায় বিদ্যুত সরবরাহ বন্ধ থাকবে

।এছাড়া ওই সড়কে জনসাধারণকে দূর্ঘটনা এড়াতে সাবধানতা অবলম্বন করে চলার আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------